168

দৈনিক ইনকিলাব

তারিখ ... 06 NOV 1998 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৬ ...

## বন্যাকবলিত ছাত্রছাত্রীদের বেতন/ ফি ও পরীক্ষা

আমরা এ বছর লক্ষাধিক ছাত্রছাত্রী স্মরণকালের দীর্ঘস্থায়ী ও ভয়াবহ বন্যায় বিপর্যস্ত হয়েছি। কিন্তু দুঃখের বিষয়, আজ আমাদের দিকে কেউই নজর দিচ্ছে না। আমাদের অনেকের পিতামাতা বন্যায় সর্বস্বান্ত হয়েছেন। তাদের এখন সাধ্য নেই আমাদের পড়ালেখার ব্যয় বহন করার। অনেকের বার্ষিক পরীক্ষা, আর যারা ১০ম শ্রেণীতে পড়ে তাদের নির্বাচনী পরীক্ষা আগামী নভেম্বর মাস থেকে শুরু হবে। আমাদের অনেকেরই মাসের বেতন বাকী রয়েছে তিন-চার মাস ধরে । এরই মধ্যে আবার পরীক্ষার ফিস। এসব বেতন-ফিস আমাদের পিতামাতা কোত্থেকে দেবেন? আবার এসব না দিলেও পরীক্ষার অনুমতি দেয়া হবে না।

এত বড় বন্যার মাঝে আমরা যে বেঁচে আছি এটা আল্লাহর দয়া।

এমতাবস্থায় মাননীয় প্রধানমন্ত্রী, এবং শিক্ষামন্ত্রীর প্রতি আকুল আবেদন, এসব বেতন, ফিস মওকুফ করে আমাদের লক্ষাধিক ছাত্রছাত্রীর প্রতি করুণা প্রদর্শন করা হোক।

—মোঃ সুমন মিয়া,
রাম কানাই হাই একাডেমী, ১০ম শ্রেণী, পোঃ+থানা+জেলা- ব্রাহ্মণবাড়িয়া।